ঝিনাইদহে বিদ্যুৎ স্পৃষ্টে কৃষকের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার সুরাট ইউনিয়নের বাগডাঙ্গা গ্রামে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে লতাফত হোসেন (৫৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকালে এ দূর্ঘটনা ঘটে। নিহত লতাফত হোসেন ওই গ্রামের মৃত ছোরাফ হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, কৃষক লতাফত হোসেন সকালে ওই গ্রামের মাঠে কাজ করতে যায়। সে একটু বিশ্রাম নিতে মাঠের মধ্যে অবস্থিত জাহিদ হাসানের পোল্ট্রির খামারে অবস্থান করে। সেসময় পোল্ট্রির খামারে বিদ্যুতের সংযোগ থাকায় বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই তিনি মারা যান। পরে নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

এব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

ঝিনাইদহে ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে চালক নিহত

ঝিনাইদহ-যশোর মহাসড়কের বিষয়খালী খড়িখালী নামক স্থানে বালু ভর্তি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে আক্তারুল ইসলাম
(২১) নামের এক ট্রাক চালক নিহত হয়েছেন। বৃহস্পতিবার ভোর রাতে এ ঘটনা ঘটে। নিহত আক্তারুল যশোরের বাঘারপাড়া উপজেলার পুকুরিয়া গ্রামের ইমারত হোসেনের ছেলে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার দিলীপ কুমার জানান, বালু ভর্তি ট্রাকটি ঝিনাইদহ থেকে যশোরের উদ্যেশ্যে যাচ্ছিল। পতিমধ্যে সদর উপজেলার বিষয়খালী এলাকার খড়িখালী নামক স্থানে পৌছালে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা একটি গাছে সজোরে

ধাক্কা লাগে। এসময় ট্রাক চালক আক্তারুল ইসলাম ঘটনাস্থলে নিহত হয়।

এব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

দেশে আরও ৩৯৪৬ জনের করোনা শনাক্ত, মৃত্যু ৩৯

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে নতুন করে আরও ৩৯৪৬ জনের শরীরে করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ শনাক্ত হয়েছে এবং । ফলে শনাক্ত রোগীর সংখ্যা বেড়ে দাঁড়াল ১ লাখ ২৬ হাজার ৬০৬ জন। গত ২৪ ঘণ্টায় করোনায় মারা গেছে ৩৯ জন। এ নিয়ে ভাইরাসটিতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ১৬২১ জনে।

আজ বৃহস্পতিবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এসব তথ্য জানান।

গত বছরের ডিসেম্বরে চীনের হুবেই প্রদেশের উহান শহরে করোনা ছড়িয়ে পড়ে। বর্তমানে বিশ্বের সব দেশেই ছড়িয়েছে করোনাভাইরাস। বাংলাদেশে গত মার্চে প্রথম করোনা রোগী শনাক্ত হয়।

গাংনীতে ১০ শ্রেনীর স্কুল ছাত্রীকে যৌন নির্যাতনের

অভিযোগে ৩ দিন পর মামলা

গাংনীর সাহারবাটিতে ১০ম শ্রেনীর এক স্কুল ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। ওই স্কুল ছাত্রীর মা গাংনী থানায় উপস্থিত হয়ে (২৫ জুন) বৃহস্পতিবার সকালে শাকিল হোসেন ও সেলিম হোসেন নামের দু’জনের বিরুদ্ধে মামলা করেন। গাংনী থানায় মামলা ন-২২।

মামলার বিবরনে জানা গেছে, গত ২২শে জুন সোমবার রাত আনুমানিক রাত পৌনে ১২ টার সময় ওই স্কুল ছাত্রী নিজ ঘরে শূয়েছিল। এ অবস্থায় সাহারবাটি কাজলা পাড়া গ্রামের ইছার আলীর ছেলে লেদ মিস্ত্রি শাকিল হোসেন (২২) ও স্থানীয় হোসেন আলীর সেলিম হোসেন (৩৩) ওই স্কুল ছাত্রীর ঘরে প্রবেশ করে তাকে হত্যার হুমকি দিয়ে যৌন নির্যাতন চালায়। পরে ছাত্রীর অবস্থা অবনতি ও তার মুখ থেকে বিষয়টি শুনে পরিবারের লোকজন আজ বৃহস্পতিবার গাংনী থানায় মামলা দায়ের করেন। বিষয়টি জানাজানি হলে শাকিল ও সেলিম পলাতক রয়েছে।

ওই ছাত্রীর বাবাকে ৩ দিন পরে মামলার বিষয়টি জানতে চাইলে তিনি উত্তর দিতে অপারগতা প্রকাশ করেন

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান,যৌন নির্যাতনের অভিযোগে মামলা হয়েছে। ওই স্কুল ছাত্রীকে ডাক্তারি পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

মেহেরপুরে সমন্বিত কৃষি খামারে সাফলতা পেয়েছেন দুই প্রভাষক

শ্রম আর মেধা কাজে লাগিয়ে হাঁস মাছ ও মুরগীর খামার গড়ে সাফলতার মুখ দেখেছেন মেহেরপুরের গাংনী উপজেলার দুই প্রভাষক। শিক্ষকতার পাশাপাশি সমন্বিত খামার গড়ে এলাকার অনেক বেকার যুবকদের অনুকরনীয়

দৃষ্টান্ত স্থাপন করেছেন তারা।

শুরুটা ২০১০ সালে। কলেজ শিক্ষক দুই বন্ধু নজরুল ইসলাম ও শরিফুল ইসলাম শিক্ষকতার বাইরে মুরগীর খামার গড়ে তোলার সিদ্ধান্ত নেন। প্রথমে একটি সেডে এক হাজার মুরগী নিয়ে গাংনী-হাটবোয়লিয়া সড়কের পার্শে মড়কা এলাকায় শুরু করেন মুরগীর খামার। যার পরিধি ছিল মাত্র ১০ বিঘা। পরবর্তিতে গড়ে তোলে সমন্বিত হাঁস-মুরগি ও মাছ চাষের খামার।দিন দিন বাড়ছে তাদের খামারের পরিধি।

বর্তমানে খামারে রয়েছে আড়াই হাজার মুরগি, দুই হাজার হাঁস ও পুকুর ভরা মাছ । প্রতিদিন তাদের খামার থেকে দেড় হাজার হাঁসের ডিম এবং ট্রাকভর্তি মাছ এলাকার চাহিদা মিটিয়ে চলে যাচ্ছে দেশের বিভিন্ন বাজারে। আড়াউ হাজার ডিম উৎপাদতন কারি মুরগি রয়েছে।

সরকারের পৃষ্ঠপোশোকতা পেলে পুর্ণ সমন্বিত কৃষি খামার হিসেবে গড়ে তুলে আরো অনেক বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব বলে জানান উদ্যোক্তারা। সমন্বিত খামার দেখে এলাকার শিক্ষিত বেকার যুবকরা উদ্বুদ্ধ হচ্ছে খামার গড়ার। খামার শ্রমিক মারুফ হোসেন জানায়, তিনি ৬ মাস ধরে খামারে কাজ করছেন। বর্তমানে তার মাসিক বেতন ৬ হাজার টাকা। মারুফের চাচা মাহাতাব আলী ৮ বছর ধরে খামার পরিচর্যার কাজ করছেন।

এখান থেকেই তার সংসার চলে। গোপাল নগর গ্রামের উদ্যোক্তা শরিফুল ইসলাম জানান, বর্তমানে তাদের এই খামার ১০ থেকে ১৫ জনের অধিক বেকারের কর্মসংস্থান হয়েছে। যাদের সংসার চলছে এই খামারে কাজ করে।

প্রাণি সম্পদ বিভাগ মনে করে সঠিক পরামর্শ নিয়ে এমন উদ্যোক্তা সৃষ্টি হলে উদ্যোক্তা যেমন লাভবান হবে তেমন এলাকার পুষ্টি চাহিদা মিটিয়ে জাতীয় পুষ্টি চাহিদা পুরণে ভুমিকা রাখবে বলে জানান গাংনী উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। সেই সাথে খামরীদের সকল সুযোগ সুবিধা বিনা মুল্যে অসুধ ও ভ্যাকসিন সরবরাহ অব্যাহত রয়েছে বলেও জানান প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মোস্তফা জামান ।

কুষ্টিয়ায় আজ থেকে লকডাউন শুরু

কুষ্টিয়া ও ভেড়ামারা পৌরসভায় করোনাভাইরাসের সংক্রমণ দ্রুত বৃদ্ধি পাওয়ায় এ দুটি পৌরএলাকায় আজ বৃহস্পতিবার থেকে কঠোর লকডাউন কার্যক্রম শুরু হয়েছে।

গতকাল বুধবার দুপুরে জেলা করোনাভাইরাস প্রতিরোধ কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। জেলা করোনা প্রতিরোধ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক আসলাম হোসেনের পক্ষে সভার সভাপতিত্ব করেন স্থানীয় সরকারের উপপরিচালক মৃণালকান্তি দে। সভায় সিদ্ধান্ত হয়, ২৫ জুন বৃহস্পতিবার ভোর ৬টা থেকে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কুষ্টিয়া পৌরসভার মধ্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য যেমন মুদি, কাঁচামাল, ঔষধ, মোবাইল ব্যাংকিং, মোবাইল রিচার্জ, পশুখাদ্য, মৎস্যখাদ্য, সার-বীজ, কীটনাশকের দোকান ব্যতিত অন্য সকল দোকানপাট বন্ধ থাকবে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দোকানপাট বিকাল ৪টার মধ্যেই বন্ধ করতে হবে। স্বাস্থ্যবিধি মেনে কৃষিপণ্য ও রপ্তানিমুখী পণ্য উৎপাদন, পরিবহন করা যাবে। বাকি সকল কর্মকাণ্ডবন্ধ থাকবে।
অতিজরুরি প্রয়োজন ছাড়া কেউ রাস্তায় বের হতে পারবে না। এসকল নির্দেশনা না মানলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জুবায়ের হোসেন চৌধুরী জানান, কুষ্টিয়া পৌরসভা রেড জোন হওয়ায় এখানে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। লকডাউন পুরোপুরি এবং কঠোরভাবে কার্যকর হবে।

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ বলেন, ভেড়ামারা পৌরসভাতে কোভিড রোগী বেড়ে যাচ্ছে। এজন্য স্থানীয়ভাবে উপজেলা করোনা প্রতিরোধ কমিটির সিদ্ধান্ত মতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মুদি দোকান ও বাজার বেলা বারটা পর্যন্ত খোলা রাখা যাবে। যেকোন মূল্যে কোভিড সংক্রমণ কমিয়ে আনার জন্য কঠোরভাবে লকডাউন বাস্তবায়ন কার্যকর করা হবে।

এদিকে সকালে শহরের বিভিন্ন স্থানে ঘুরে দেখা গেছে, অন্য দিনের তুলনায় মানুষজনের উপস্থিতি কম। মোড়ে মোড়ে পুলিশ সকাল থেকেই বেরিকেড শুরু করেছে। এছাড়া স্থানীয়ভাবে শহরের অধিকাংশ এলাকার সড়কের উভয়মুখে বাঁশ দিয়ে বেরিকেড করেছে। শহরের মজমপুর

বাসস্ট্যান্ড থেকে কোনো বাস ছাড়ছে না। তবে ঢাকাগামী বাসগুলো মজমপুর নিজ নিজ কাউন্টার থেকে ছেড়ে যাচ্ছে। শহরের সকল দোকানপাট ও ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রেখে লকডাউন পালন করা হচ্ছে।

এদিকে হরিপুর এলাকা থেকে প্রচুর মানুষজন শহরের হরিপুর ব্রিজের লকডাউনের বাঁশ টপকে প্রবেশে করতে দেখা গেছে

মেহেরপুরের নতুন ডিসি শহিদুল ইসলাম চৌধুরী

মেহেরপুর জেলার নতুন ডিসি হিসেবে যোগদান করবেন শহিদুল ইসলাম চৌধুরী। তিনি মন্ত্রী পরিষদ বিভাগের উপ সচিব হিসেবে কর্মরত ছিলেন।

সেই সাথে মেহেরপুরের বর্তমান জেলা প্রশাসক আতাউল গনি টাঙ্গাইল জেলা প্রশাসক হিসেবে পদায়ন হয়েছে।

২৫ তারিখ বৃহস্পতিবার রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব রাসেল হাসান সাক্ষরিত এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, টাঙ্গাইলের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. শহীদুল ইসলামকে ঢাকায়, মেহেরপুরের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. আতাউল গনিকে টাঙ্গাইলে, মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব মো. শহিদুল ইসলাম চৌধুরীকে মেহেরপুরে, ঢাকা উত্তর সিটি করপোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মীর নাহিদ আহসানকে মৌলভীবাজারে,

জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত উপসচিব মো. তমিজুল ইসলাম খানকে যশোরে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মন্ত্রীর একান্ত সচিব মোহাম্মদ খোরশেদ আলম খানকে নোয়াখালীতে, জননিরাপত্তা বিভাগের উপসচিব আব্দুল জলিলকে রাজশাহীতে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক মো. জিয়াউল হককে বগুড়ায় এবং বিসিএস প্রশাসন একাডেমির

উপপরিচালক ড. রহিমা খাতুনকে মাদারীপুরে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুর পৌর বিএনপি’র খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে পৌর বিএনপি’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর পৌর বিএনপি’র উদ্যোগে পৌরসভার ৩,৪,৫ নম্বর ওয়ার্ডে করোনায় ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন

জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন অসহায় পরিবারের মাঝে খাদ্য তুলে দেন। এ সময় তিনি বলেন, কাউকে খুশি করতে মেহেরপুরের গনমাধ্যমের কাছে করোনার আক্রান্ত ও শনাক্তের সঠিক তথ্য দেওয়া হচ্ছে না। প্রমাণ করা হচ্ছে মেহেরপুর করোনা রোগীর সংখ্যা একেবারেই কম।

যে পরিমাণে রোগীর পরীক্ষা করার কথা সেই পরিমাণ রোগীর করোনা পরীক্ষা করা হচ্ছে না।

তিনি আরো বলেন, মেহেরপুরকে গ্রীন জন ঘোষণা করা হয়েছে গতকাল ৬ জন ও তার আগেরদিন ৫ জনসহ সর্বসাকুল্যে অর্ধশতাধিক করোনা পজিটিভ রোগী শনাক্ত হয়েছে। প্রতিদিনই শোনা যাচ্ছে কোথাও না কোথাও করোনা উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করছে।এবং শত শত রোগী হোম কোয়ারেন্টাইন আছে।

সেই সাথে মেহেরপুর জেলাকে রেড জোন ঘোষনা করে আইসোলেশন সেন্টার, ইনসেনটিভ কেয়ার, কোয়ান্টাইনের একটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা করার আহবান জানান।

এসময় উপস্থিত ছিলেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আনসারুল হক, যুগ্ম সম্পাদক

আব্দুর রহিম,সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ,বিএনপি নেতা আব্দুর রশিদ, আব্দুল্লাহ মাস্টার কালু, শাহ জাহান শাহ, আব্দুল হালিমসহ জেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাবৃন্দ।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে সমাজসেবা অফিসের খাদ্য সহায়তা প্রদান

জাতীয় সমাজ কল্যান পরিষদের অর্থায়নে ও মুজিবনগর উপজেলা সমাজকল্যান পরিষদের সার্বিক ব্যাবস্থাপনায় করোনার কারনে ক্ষতিগ্রস্ত, কর্মহিন দুস্ত পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

বৃহস্প্রতিবার সকালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি উপস্থিত থেকে এ সকল খাদ্য সহায়তা প্রদানের উদ্বোধন করেন।

এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব উপস্থিত ছিলেন।

এ সময় মুজিবনগর উপজেলার ২৪০ টি পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়।

মেপ্র/এমএফআর

কারাগারে কারারক্ষী আব্দুল

আলিম, দুইদিনের রিমান্ড মঞ্জুর

মেহেরপুরের জেলা কারাগারের কারারক্ষী আব্দল আলিম বিশ্বাসকে কারাগারে পাঠানো হয়েছে। তার দুইদিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত। গত ২৪ জুন বুধবার চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শিরিন শারমিন তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

সেই সাথে রিমান্ডের আবদন করলে আদালত দুই দিনের রিমান্ড মঞ্জর করেন। তবে কাগজপত্র না পৌছানোর জন্য রিমান্ড শুরু হয়নি।

মেহেরপুর জেলা কারাগারের কারারক্ষীর দায়িত্ব থেকে তাকে সাময়িক বরখাস্ত করেছেন বলে নিশ্চিত করেন জেল সুপার কামরুল হাসান। তিনি আরও বলেন, সাময়িক বরখাস্ত করাসহ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা করা হয়েছে।

উল্লেখ্য, গত ২৩ জুন মঙ্গলবার মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের অভিযানে ৬৫ পিচ ইয়াবাসহ আব্দুল আলিম বিশ্বাসকে আটক করা হয়। মেহেরপুর সদরের খন্দকার পাড়ার একটি ভাড়া বাসা থেকে তাকে আটক করা হয়। পরে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়।

গত বুধবার আসামী আব্দুল আলিমকে কোর্টে চালান করা হয়। পরে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শিরিন শারমিন এর নির্দেশে কারাগারে পাঠানো হয়।

মেপ্র/এমএফআর